আইসিটি শাখা
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
তারিখঃ ১০/৯/২৫
ডায়েরী নং- ৪৫৫০
এআইজি আইসিটি
অতিঃ এসপি (আইসিটি)
এএসপি (আইসিটি)

অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
পার্সোনেল ম্যানেজমেন্ট-৩ শাখা
www.police.gov.bd

স্মারক নং-৪৪.০১.০০০০.১০৮.১২.৪০০.২১- ৬৭৬২

তারিখ- ২৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: কনস্টেবল হতে এটিএসআই পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন প্রসঙ্গে।

সূত্র : (ক) পুলিশ হেডকোয়ার্টার্স (আরঅ্যান্ডসিপি-১), ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০০৪.২৫/১৯৫৫ তারিখ-০৮/০৯/২৫ খ্রি.
(খ) পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০১৬.২৪/১৩৭৮ (১৭৮), তারিখ-৩০/০৬/২৪ খ্রি.
(গ) পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০১৬.২৪/৩০০৯ (১৭৯), তারিখ-৩০/১২/২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশ পুলিশের অধস্তন কর্মকর্তা এবং কর্মচারীগণের ২০২৪ সালের বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় (যা ০১/০১/২০২৫ হতে ৩১/১২/২০২৫ খ্রি. পর্যন্ত কার্যকর) কনস্টেবল হতে এটিএসআই পদে উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে প্রযোজ্য বিধি-বিধানের আলোকে নিম্নোক্ত 'ছক-ক' এ উল্লিখিত বর্ণনা মোতাবেক বিভিন্ন জেলা/ইউনিটে সৃষ্ট পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে 'ছক-খ' এ উল্লিখিত প্রার্থীদের কনস্টেবল হতে এটিএসআই পদে পদোন্নতি প্রদানের জন্য কলাম ৫ এ উল্লিখিত জেলা/ইউনিটে জনস্বার্থে বদলি/পদায়ন করা হলো:

**ছক-ক এটিএসআই পদে সৃষ্ট পদোন্নতিযোগ্য শূন্যপদ সংক্রান্ত**

| ক্রম. | জেলা/ইউনিটের নাম | পদবি, নাম ও বিপি | শূন্যপদ সৃষ্টির কারণ | শূন্যপদ ঘোষণার জেলা/অফিস আদেশ | পদোন্নতিযোগ্য শূন্যপদ |
|---|---|---|---|---|---|
| ১. | হাইওয়ে পুলিশ, মাদারীপুর রিজিয়ন | এটিএসআই/মোঃ রফিকুজ্জামান<br>বিপি-৬৭৮৭০৭৭৮০৬ | মৃত্যুবরণ করায় | আদেশ নং-২৮৮<br>তারিখ-১৭.০৬.২০২৫ খ্রি. | ১ |
| ২. | গোপালগঞ্জ | এটিএসআই/মোঃ অহিদুল ইসলাম<br>বিপি-৬৯৮৯০৩৯২৭২ | পিআরএলজনিত | আদেশ নং-১৭৬৮<br>তারিখ-১৩.০৭.২০২৫ খ্রি. | ১ |
| ৩. | নোয়াখালী | এটিএসআই/মোঃ খোরশেদ আলম<br>বিপি-৬৬৮৮০১১৯০৭ | পিআরএলজনিত | আদেশ নং-১৭৭৬<br>তারিখ-০১.০৭.২০২৫ খ্রি. | ১ |
| ৪. | কেএমপি, খুলনা | এটিএসআই/ফারুক আহম্মেদ<br>বিপি-৬৯৮৭০১২০০৩ | পিআরএলজনিত | আদেশ নং-৩১৮৬<br>তারিখ-০২.০৮.২০২৫ খ্রি. | ১ |
| | | | | মোট= | ৪ |

**ছক-খ পদোন্নতিযোগ্য কনস্টেবল এর নামের তালিকা**

| ক্রম. | নাম, বিপি ও পদবি | জেলা/ইউনিট | বর্তমান কর্মরত জেলা/ইউনিট | কেন্দ্রীয় মেধাক্রম | পদায়নকৃত ইউনিট |
|---|---|---|---|---|---|
| | কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | কলাম-৫ |
| ১. | কনস্টেবল/ মোঃ আলমগীর হোসেন<br>বিপি-৯১১১১৩০৪৩৩ | খুলনা | খুলনা | ৩৬ | কেএমপি, খুলনা |
| ২. | কনস্টেবল/মোঃ হাসানুজ্জামান<br>বিপি-৯৫১৪১৬৮৪১৪ | মাগুরা | মাগুরা | ৫১ | গোপালগঞ্জ |
| ৩. | কনস্টেবল/সাদেকুর রহমান<br>বিপি-৯১১০১২৬০৬১ | এসএমপি, সিলেট | মৌলভীবাজার | ৫২ | নোয়াখালী |
| ৪. | কনস্টেবল/মোঃ বিল্লাল হোসেন<br>বিপি-৮৯০৮১২১২৩১ | এসএমপি, সিলেট | এসএমপি, সিলেট | ৫৩ | হাইওয়ে পুলিশ মাদারীপুর রিজিয়ন |

উল্লেখ্য যে, 'ছক-ক' এ উল্লিখিত শূন্যপদের বিপরীতে 'ছক-খ' এ বর্ণিত ৪ জন উত্তীর্ণ কনস্টেবলকে এটিএসআই পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. পদোন্নতির স্বার্থে বদলি/পদায়নকৃত ইউনিটে যোগদানের পর সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক পদোন্নতির আদেশ জারিপূর্বক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, জাতিসংঘ মিশনে কর্মরত কনস্টেবলদের পদোন্নতির ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্স এর স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৩.০২১.১৪-৫৭৪৮(১৩০), তারিখ: ২৯ ডিসেম্বর ২০১৬ খ্রি. মূলে জারিকৃত নির্দেশনা অনুযায়ী পদোন্নতিসহ পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২. যে সকল জেলা/ইউনিট হতে উত্তীর্ণ পদোন্নতিযোগ্য কনস্টেবলকে এটিএসআই পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বিভিন্ন জেলা/ইউনিটে বদলি করা হয়েছে তাদের বদলির পরিপ্রেক্ষিতে সে সকল জেলা/ইউনিটে সৃষ্ট কনস্টেবলের শূন্যপদকে প্রকৃত শূন্যপদ হিসাবে গণনা করতে হবে;

৩. যে সকল জেলা/ইউনিটে কনস্টেবলকে এটিএসআই পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি করা হয়েছে তাদের পদোন্নতি প্রদানের অব্যবহিত পরে পদোন্নতি প্রদানের জেলা/অফিস আদেশ উল্লেখপূর্বক অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর ফ্যাক্স বার্তায় (ফ্যাক্স নং ০২-২২৩৩৫৫৩১৯) অবহিত করতে হবে;

৪. যে সকল জেলা/ইউনিটে এটিএসআই এর পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে পদোন্নতির নিমিত্ত কনস্টেবলকে প্রেরণ করা হয়েছে শূন্যপদ সংশ্লিষ্ট জেলা যদি সে কনস্টেবল এর নিজ জেলা হয় তাদের পদোন্নতির ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৩.০১৭.১৯-৪০৮(১৪৫), তারিখ-১৭ আগস্ট ২০২০ খ্রি. মূলে জারিকৃত পত্রের নির্দেশনা মোতাবেক উক্ত জেলার বিপরীতে পদোন্নতি প্রদানকরতঃ তাৎক্ষণিকভাবে অন্যত্র বদলি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫. যে সকল জেলা/ইউনিটে যতসংখ্যক কনস্টেবলকে পদোন্নতির স্বার্থে বদলি করা হয়েছে তাদেরকে এটিএসআই পদে পদোন্নতি প্রদানের পর পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০১৭.১১-৩০৪০, তারিখ-০৭ অক্টোবর ২০১৫ খ্রি. পরিপত্র নং-৫/২০১৫ মূলে জারিকৃত পত্রের নির্দেশনা মোতাবেক শিক্ষানবিশ ঘোষণাকরণসহ স্থায়ীকরণের ক্ষেত্রে বিদ্যমান নির্দেশনা প্রতিপালন করতে হবে;

৬. পদায়নকৃত কনস্টেবলদের মধ্য হতে যদি কোন কনস্টেবল ইতোমধ্যে অন্যকোন রেঞ্জ/ইউনিটে বদলি হয়ে থাকেন তবে তাদের পদায়নের নিমিত্ত ছাড়পত্র প্রদানের জন্য বর্তমান ইউনিটকে অবহিতকরণ ও বর্তমান ইউনিটকে এতদসংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং

৭. বদলিকৃত পুলিশ সদস্যদের মধ্যে ইতোমধ্যে কেউ পুলিশ হেডকোয়ার্টার্সের আদেশে অন্যত্র বদলি অথবা সংযুক্ত হয়ে থাকলে পূর্বের বদলি/সংযুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর/-
(মোঃ জামিরুল ইসলাম)
বিপি নং-৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
E-mail:aigpm3@police.gov.bd

স্মারক নং-৪৪.০১.০০০০.১০৮.১২.৪০০.২১- ৬৭৫২/১(২৮)

তারিখ- ১৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অ্যাডিশনাল আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
২. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট/কেএমপি, খুলনা
৩. ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ।
৪. অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৫. অ্যাডিশনাল ডিআইজি (ট্রেনিং-৩ শাখা), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৬. এআইজি (পিআইএমএস শাখা), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৭. এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৮. পুলিশ সুপার, গোপালগঞ্জ/নোয়াখালী/খুলনা/মাগুরা/মৌলভীবাজার জেলা
৯. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, মাদারীপুর রিজিয়ন
১০. অফিস কপি।

০১.০৯.২০২৫
(মোঃ জামিরুল ইসলাম)
বিপি নং-৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
E-mail:aigpm3@police.gov.bd